

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৩৮ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকর

আরবী

وَعَنهُ قَالَ : جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ عَيَّالِيُّ فَقَالَ : يَا رَسُوْلَ الله مَا لَقِيْتُ مِنْ عَقْرَبٍ لَدَغَتْنِي البَارِحَةَ! قَالَ أَمَا لَوْ قُلْتَ حِيْنَ أَمْسَيْتَ : أَعُوذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ : لَمْ تَضُرَّك رواه مسلم

বাংলা

(৩৭৩৮) উক্ত রাবী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে নিবেদন করল, 'হে আল্লাহর রসূল! গত রাতে বিছার কামড়ে আমি যে কত কষ্ট পেয়েছি, (তা বলার নয়)।' তিনি বললেন, "শোন! যদি তুমি সন্ধ্যাবেলায় এই দু'আ পাঠ করতে,

'আউযু বিকালিমা-তিল্লা-হিত্তা-ম্মা-তি মিন শাররি মা খালাক।' অর্থাৎ, আমি আল্লাহর পরিপূর্ণ বাণীর অসীলায় তিনি যা সৃষ্টি করেছেন, তার মন্দ হতে আশ্রয় প্রার্থনা করছি।

তাহলে তা তোমার ক্ষতি করতে পারত না।

ফুটনোট

(মুসলিম ৭০৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন